প্রশ্নঃ ৪০৩. আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ সম্মানিত মুফতি সাহেব আমার জানার বিষয় হল স্বামী তার স্ত্রীকে কোন কারণে তিন তালাক দিয়ে দেয় কিন্তু পরবর্তীতে সে এই স্ত্রীকে আবার পেতে চায় এমতাবস্থায় ইদ্দত শেষ হওয়ার পরে ওই স্ত্রী অন্য এক লোকের সাথে বিবাহবন্ধনে আবদ্ধ হয় কিন্তু কারণবশত ওই লোকটি সহবাস করতে একদমই অক্ষম এমত অবস্থায় ওই স্ত্রীর করণীয় কি সেকি সহবাস ছাড়াই দ্বিতীয় স্বামীর থেকে তালাক নিয়ে প্রথম স্বামীর সাথে সংসার করতে পারবে কিনা একটু বিস্তারিত আলোচনা করলে ভালো হবে?

স্বামী তিন তালাক প্রদানের পর ঐ স্ত্রীকে পুনরায় বিয়ে করার সুযোগ নেই।তবে ঐ মহিলার ইদ্দত শেষ হওয়ার পর যদি তার অন্য কোথাও বিয়ে হয় এবং স্বামীর সাথে বৈবাহিক সম্পর্ক স্থাপিত হয়(সহবাস হয়),অতঃপর দ্বিতীয় স্বামী স্বাভাবিকভাবে তালাক দিলে পুনরায় ইদ্দত পালন করলে প্রথম স্বামী আবার বিয়ে করতে পারবে।এর কোনোটা যদি না পাওয়া যায়,যেমন:- ইদ্দত পালনের পূর্বেই দ্বিতীয় স্বামীর সাথে বিবাহ হয়,অথবা তাদের বিয়ের পর বৈবাহিক সম্পর্ক স্থাপিত না হয়,আবার প্রথম স্বামী ইদ্দত শেষ হওয়ার আগেই যদি আবার বিয়ে করে নেয়।তবে স্ত্রী কোনোভাবেই প্রথম স্বামীর জন্য হালাল হবে না।তাদের সকল সম্পর্ক অনৈতিক বলে বিবেচ্য হবে।পরবর্তীতে জন্মগ্রহণ করা সকল সন্তান অবৈধ বলে বিবেচিত হবে।

মুসলিম-৩৪০১

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: